

AKASHVANI(Kolkata)
Regional News Unit

Date: 09-12-2025

Desk inCharg:- S.D.G.

Time: 1-40 PM

Compiling :- Subhra C.

DEO : KB

NRT : Subhra C.

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবর -

১/ রাজ্যসভায় আজ জাতীয় স্তোত্র- বন্দে মাতরম্-এর ১৫০ বছর পূর্তি উপলক্ষ্যে বিশেষ আলোচনা শুরু হয়েছে।

২/ রাজ্যে বৃদ্ধাশ্রম ও বিশেষভাবে সক্ষম মানুষদের হোমে আবাসিকদের এন্যুমারেশন ফর্ম পূরণের জন্য বিশেষ উদ্যোগ নিচ্ছে নির্বাচন কমিশন। # সোনাগাছিতে'ও আজ এই বিশেষ শিবিরের আয়োজন করা হয়েছে।

৩/ SIR প্রক্রিয়ায় নজরদারি আরও বাড়াতে পশ্চিমবঙ্গের পাঁচটি ডিভিশনের জন্য নির্বাচন কমিশন নিযুক্ত Special Roll Observer আগামীকাল এ রাজ্যে আসছেন।
পশ্চিম মেদিনীপুরে আজ থেকে শুরু হচ্ছে EVM-এর প্রথম দফার পরীক্ষা।

৪/ বিধানসভার ভেতরে মুখ্যমন্ত্রীর নিরাপত্তা রক্ষী সহ প্রবেশের অধিকার থাকলে, বিরোধী দলনেতা কেন তা' পারবেন না, সেই প্রশ্ন নিয়ে মামলায় অধ্যক্ষকে হলফনামা দিয়ে আদালতে বক্তব্য জানাতে নির্দেশ দিয়েছেন, কলকাতা হাইকোর্টের বিচারপতি অমৃতা সিন্হা।

৫/ খড়গপুর IIT এবং দুর্গাপুর NIT-তে আয়োজিত 'স্মার্ট ইন্ডিয়া হ্যাকাথন ২০২৫'-এর আজ গ্র্যান্ড ফিনালে।

৬) আবহাওয়া দপ্তর জানিয়েছে, রাজ্যে আগামী এক সপ্তাহ শীতের আমেজ একই রকম থাকবে।

রাজ্যসভায় আজ জাতীয় স্তোত্র ‘বন্দে মাতরম’-এর ১৫০তম বার্ষিকী উপলক্ষে বিশেষ আলোচনা হচ্ছে। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ দুই দিনের এই আলোচনা শুরু করেছেন।

(বাইট- অমিত শাহ)

বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ১৮৭৫ সালে এই জাতীয় স্তোত্র রচনা করেছিলেন।

অন্যদিকে, লোকসভায় আজ নির্বাচন সংস্কার নিয়ে আলোচনা হবে।

যৌন পল্লীর পর এবার বৃদ্ধাশ্রম ও বিশেষভাবে সক্ষম মানুষদের হোমগুলির আবাসিকদের অনুমারেশন ফর্ম পূরণে বিশেষ উদ্যোগ নিচ্ছে নির্বাচন কমিশন। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল নির্দেশ দিয়েছেন, বৃদ্ধাশ্রমের আবাসিক বা বিশেষভাবে সক্ষম হিসেবে চিহ্নিত ব্যক্তির বাতাল ভোটের তালিকা থেকে বাদ না পড়েন তা নিশ্চিত করতে হবে। সংশ্লিষ্ট জেলার ডিইওদের এই কাজ অগ্রাধিকারের ভিত্তিতে সম্পন্ন করার নির্দেশ দিয়েছে সিইও দপ্তর। আজ রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল নিজে এবং নির্বাচন কমিশনের অন্যান্য আধিকারিকরা একাধিক বিশেষ শিবিরে উপস্থিত থাকবেন।

যৌন কর্মী ও তাদের পরিবারের অনুমারেশন ফর্ম পূরণ করতে এশিয়ার বৃহত্তম যৌন পল্লী সোনাগাছিতে আজ বিশেষ শিবিরের আয়োজন করেছে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর। মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল নিজে কলকাতা পুরসভার ১৮ নম্বর ওয়ার্ডে ওই শিবিরে উপস্থিত থেকে নিজে হাতে

কয়েকজনের ফর্ম পূরণ করেন। নির্বাচন কমিশনের দেওয়া বিশেষ ক্ষমতাকে কাজে লাগিয়ে শুধু যৌনকর্মী নয়, অনাথ আশ্রম এবং বৃদ্ধাশ্রমের আবাসিকদের নাম তুলতে বিশেষ শিবির আয়োজন করা হচ্ছে বলেও তিনি জানান। ১১ তারিখের মধ্যে সমস্ত যোগ্য ভোটার যাতে এনুমারেশন ফর্ম পূরণ করে জমা দেন তাঁর দপ্তর তা নিশ্চিত করবে।

SIR প্রক্রিয়ায় নজরদারি আরও বাড়াতে পশ্চিমবঙ্গের ৫ টি ডিভিশনের জন্য নির্বাচন কমিশন নিযুক্ত Special Roll Observer আগামীকাল এ রাজ্যে আসছেন। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়ালের পৌরহিত্যে কলকাতার Bengal Chamber of Commerce and Industry BCCI-তে আয়োজিত রাজ্যের SIR সংক্রান্ত এক পর্যালোচনা বৈঠকে ওই ৫ নবনিযুক্ত স্পেশাল Observer রা যোগ দেবেন। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক ছাড়াও আগামীকালের ওই বৈঠকে এ রাজ্যের জন্য নিযুক্ত স্পেশাল রোল Observer সুব্রত গুপ্ত, রাজ্যের অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক দিব্যেন্দু দাস, অরিন্দম নিয়োগী দপ্তরের শীর্ষ আধিকারিকরা উপস্থিত থাকবেন।

উল্লেখ্য, কেন্দ্রীয় সরকারের বিভিন্ন বিভাগে যুগ্ম সচিব পদমর্যাদায় কর্মরত ওই ঐ পাঁচ IAS আধিকারিককে নির্বাচন কমিশন এই পদে নিয়োগ করেছে।

মেদিনীপুর, প্রেসিডেন্সি, মালদহ, জলপাইগুড়ি ও বর্ধমান—এই পাঁচটি ডিভিশনে নতুন স্পেশাল রোল অবজারভারদের দায়িত্ব ভাগ করে দেওয়া হয়েছে। মেদিনীপুর ডিভিশনের দায়িত্বে থাকছেন স্বরাষ্ট্র মন্ত্রকের যুগ্মসচিব নীরজ কুমার বানসোড়। প্রেসিডেন্সি ডিভিশনে প্রতিরক্ষা মন্ত্রকের যুগ্মসচিব কুমার রবি কান্ত সিংহ, মালদহ ডিভিশনে অর্থ মন্ত্রকের যুগ্মসচিব অলোক তিওয়ারি, জলপাইগুড়ি ডিভিশনে গ্রামোন্নয়ন মন্ত্রকের যুগ্মসচিব পঙ্কজ যাদব এবং বর্ধমান ডিভিশনে তথ্য ও সম্প্রচার মন্ত্রকের

যুগ্মসচিব কৃষ্ণ কুমার নিরালাকে দায়িত্ব দেওয়া হয়েছে। সংবিধানের ৩২৪(৬) ধারা অনুযায়ী এই পর্যবেক্ষকরা পুরো প্রক্রিয়া চলাকালীন নির্বাচন কমিশনের প্রত্যক্ষ নিয়ন্ত্রণে কাজ করবেন। তবে তাঁদের ক্ষমতার সীমাও স্পষ্ট করে দেওয়া হয়েছে।

ইতিমধ্যে কমিশন SIR এর জন্য ১২ জন Electoral Roll Observer এবং একজন Special Roll Observer নিয়োগ করে।

পশ্চিম মেদিনীপুরে আজ থেকে শুরু হচ্ছে EVM-এর প্রথম দফার পরীক্ষা। প্রথম দিন খড়্গপুর মহকুমা শাসকের কার্যালয়ে এই কাজ শুরু হচ্ছে। পরে মেদিনীপুর এবং ঘাটালে এই কাজ হবে। এই যাচাই পর্ব CC ক্যামেরা সহ নিশ্চিহ্ন নিরাপত্তার মোড়কে করা হবে, রয়েছে লাইভ ওয়েব কাস্টিং-এর বন্দোবস্তও। এর ফলে, রাজ্যের CEO দপ্তর থেকে এই প্রক্রিয়ার ওপর সরাসরি নজরদারি করা সম্ভব হবে।

জেলাশাসক তথা জেলা নির্বাচনী আধিকারিক বিজিন কৃষ্ণ জানিয়েছেন, আগামী বিধানসভা নির্বাচনে এই EVM-গুলি ব্যবহার করা হবে। কমিশনের নির্ধারিত নিয়ম মেনে যাচাই-এর কাজ হচ্ছে কিনা, তা' দেখভাল করতে ভিন রাজ্য থেকে জেলায় আসছেন পর্যবেক্ষক। পশ্চিম মেদিনীপুরে র ক্ষেত্রে অতিরিক্ত নির্বাচনী আধিকারিক পদমর্যাদার এক অফিসার আজ আসছেন, কেরল থেকে ।

রাজ্য সরকার এসআইআর-এর কাজে যুক্ত বুথ লেভেল আধিকারিকদের জন্য প্রথম দফায় তাদের পারিশ্রমিক হিসেবে বরাদ্দ ৬১ কোটি টাকা মঞ্জুর করেছে। অর্থ দপ্তরের বরাদ্দ এই টাকা রাজ্যজুড়ে কর্মরত প্রায় ৮১ হাজার বুথ লেভেল আধিকারিকদের মধ্যে ভাগ করে দেওয়া হবে।

উল্লেখ্য, বিশেষ ভাতা সহ বুথ লেভেল আধিকারিকদের ১৪ হাজার ও বিএলও সুপারভাইজারদের ১৮ হাজার টাকা করে দেওয়ার জন্য নির্বাচন কমিশন রাজ্য সরকারকে ৭০ কোটি টাকা বরাদ্দ করার আবেদন জানিয়ে চিঠি দিয়েছিল।

রাজ্য সরকার অনুপ্রবেশকারী ও ভুয়ো ভোটারদের এসসি,এসটি ও ওবিসি শংসাপত্র দেওয়ার জন্য বিশেষ শিবিরের আয়োজন করেছে বলে বিজেপি অভিযোগ করেছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী এক্স হ্যাণ্ডেলে জানিয়েছেন, মুর্শিদাবাদ জেলার কান্দিতে ৮থেকে ১২তারিখ পর্যন্ত ব্লকের গ্রাম পঞ্চায়েত অফিসে তপশিলি জাতি, উপজাতি ও অন্যান্য অনগ্রসর শ্রেণীর আবেদন পত্রের ডেটা এন্ট্রি এবং দ্রুত নিষ্পত্তির সুবিধার্থে তিনটি শিবির চালু করতে সেখানকার বিডিও সরকারি নির্দেশিকা জারি করেছে। বিরোধী দলনেতা বলেন, খসড়া ভোটার তালিকা প্রকাশের পর শুনানির জন্য নির্বাচন কমিশনের ১৩টি নথির তালিকায় এই ভুয়ো ভোটারদের ভুয়ো শংসাপত্র দিয়ে সেগুলি পেশ করার চেষ্টা চালানো হচ্ছে। এর ফলে প্রকৃত এসসি, এসটি এবং ওবিসিরা বঞ্চিত হবে। শ্রী অধিকারী আরো বলেন, ২৪শে জুন এসআইআর প্রক্রিয়া শুরুর পর জারি করা প্রতিটি শংসাপত্র খতিয়ে দেখা এবং বিস্তারিত তদন্তের জন্য তিনি মুখ্য নির্বাচন কমিশনারের কাছে আর্জি জানিয়েছেন।

বিধানসভার ভেতরে মুখ্যমন্ত্রীর নিরাপত্তা রক্ষী সহ প্রবেশের অধিকার থাকলে, বিরোধী দলনেতা কেন তা' পারবেন না, সেই প্রশ্ন নিয়ে মামলায় অধ্যক্ষকে হলফনামা দিয়ে আদালতে বক্তব্য জানাতে নির্দেশ দিয়েছেন, কলকাতা হাইকোর্টের বিচারপতি অমৃতা সিন্হা। আগামী ১৬ই জানুয়ারী অধ্যক্ষকে এবিষয়ে হলফনামা দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। অধ্যক্ষের পক্ষের আইনজীবী আজ আদালতে জানান, প্রধানমন্ত্রী, মুখ্যমন্ত্রী,

স্পিকার সহ সাংবিধানিক পদের বিরুদ্ধে এভাবে আদালতে মামলা করা যায়না।
আদালতের'ও এই মামলা গ্রহণ করা উচিত নয়।

অন্যদিকে বিরোধী দলনেতার পক্ষের আইনজীবী প্রশ্ন তোলেন, মুখ্যমন্ত্রী ও বিরোধী দলনেতা- দুজনেই বিধায়ক। শাসক দলের নেতার নিরাপত্তার প্রয়োজন থাকলে, বিরোধী দলনেতার কেনো তা' থাকবে না?

কলকাতা হাইকোর্ট, পূর্ব কলকাতা জলাভূমির কোন জায়গায়, দাগ নম্বর সহ কোন জমিতে কি ধরনের নির্মাণ করা যাবেনা নাগরিকদের তা জানাতে নির্দেশ দিয়েছে। এ ব্যাপারে কর্তৃপক্ষকে তাদের ওয়েবসাইট এবং সংবাদপত্রে বিজ্ঞপ্তি দিয়ে সাধারণ মানুষকে ওয়াকিবহাল করতে হবে। বিচারপতি অমৃতা সিনহা বলেছেন, চিহ্নিত দাগ নম্বরে থাকা সমস্ত নির্মাণ অবৈধ এবং তা অবিলম্বে ভেঙে ফেলতে হবে। নির্দেশ বাস্তবায়নে রাজ্য, পুরসভা ও পূর্ব কলকাতা জলাভূমি কর্তৃপক্ষকে কঠোর ভাবে আইন অনুযায়ী পদক্ষেপ করতে হবে। পাশাপাশি জলাভূমিতে গড়ে ওঠা কোন বেআইনি নির্মাণে যেন বিদ্যুৎ পরিষেবা না দেওয়া হয় তা সিইএসসি ও রাজ্য বিদ্যুৎ বন্টন নিগমকে সুনিশ্চিত করতে বলেছেন বিচারপতি। এ ব্যাপারে কি পদক্ষেপ করা হল তা জানিয়ে আগামী ২৩ ফেব্রুয়ারি সব পক্ষকে আদালতে রিপোর্ট পেশের নির্দেশ দিয়েছে হাইকোর্ট।

রাজ্যে একের পর এক পুলকারে দুর্ঘটনার প্রেক্ষিতে রাজ্য পরিবহণ দপ্তর নতুন করে নির্দেশিকা জারি করেছে। এবার থেকে পড়ুয়া পরিবহণে ব্যবহৃত বেসরকারি গাড়িগুলিকেও নিয়মিত ফিটনেস পরীক্ষার আওতায় আনার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এতদিন মূলত বাণিজ্যিক হলুদ নম্বরের গাড়ির ক্ষেত্রেই এই নিয়ম কার্যকর ছিল।

পরিবহণ দপ্তর জানিয়েছে, পড়ুয়া পরিবহণে যুক্ত বেসরকারি গাড়িগুলির একটি ডাটাবেস তৈরি করা হবে। সেই তালিকার ভিত্তিতে নির্দিষ্ট সময় অন্তর ফিটনেস পরীক্ষা বাধ্যতামূলক করা হবে। পাশাপাশি, যেসব গাড়ির মালিক চাইবেন, তাঁরা দ্রুত প্রক্রিয়ার মাধ্যমে বাণিজ্যিক রেজিস্ট্রেশনে রূপান্তরের আবেদন করতে পারবেন।

পরিবহন মন্ত্রী স্নেহাশিস চক্রবর্তী বলেন, দু'বছর আগেই স্কুল, পুলকার মালিক ও অভিভাবকদের জন্য নির্দেশিকা জারি করা হয়েছিল। কিন্তু সব পক্ষ নিয়ম না মানার ফলেই এমন মর্মান্তিক দুর্ঘটনা ঘটে। উলুবেড়িয়ার ঘটনাকে 'বেদনাদায়ক' বলে উল্লেখ করে তিনি জানান, ভবিষ্যতে যাতে এমন ঘটনা না ঘটে, সে জন্য সব পক্ষের সঙ্গে বৈঠকে বসে এই সব সিদ্ধান্তের কথা জানিয়ে দেওয়া হয়েছে।

খড়গপুর IIT এবং দুর্গাপুর NIT-তে আয়োজিত স্মার্ট ইন্ডিয়া হ্যাকাথন ২০২৫-এ আজ গ্র্যান্ড ফিনালে। দেশে বিভিন্ন ক্ষেত্রে উদ্ভূত নানা সমস্যার দেশেই সমাধানের লক্ষ্যে একাধিক দলের প্রতিযোগীরা প্রয়াস চালাচ্ছেন। নির্দিষ্ট সময়সমীমার মধ্যে ছাত্রছাত্রীদের চিন্তাভাবনা, উদ্ভাবনী ক্ষমতা এবং সৃজনশীলতার সাহায্যে এই সমস্যার সমাধান করা হয়। সারা দেশব্যাপী হ্যাকাথনের এটি অষ্টম সংস্করণ। প্রতিযোগীদের উদ্ভাবন ইতোমধ্যেই সরকারি বেসরকারি বিভিন্ন ক্ষেত্রে সহায়ক হয়েছে, যা প্রধানমন্ত্রীর আত্মনির্ভর ভারত গঠনে দশকে এগিয়ে নিয়ে যাচ্ছে।

দুর্গাপুর এনআইটির অধ্যাপক শিবেন্দু শেখর রায় জানিয়েছেন, আজ রাত আটটায় ফল ঘোষণার সময় প্রধানমন্ত্রী ভার্চুয়ালি উপস্থিত থাকবেন।

(বাইট- শিবেন্দু)

ভারতের শিক্ষা মন্ত্রকের অধীনে থাকা রাজ্যের সমস্ত কেন্দ্রীয় বিদ্যালয়গুলির ছাত্র-ছাত্রীদের নিয়ে আজ খড়্গাপুরে কেন্দ্রীয় বিদ্যালয়(১)-এ শুরু হয়েছে দু'দিনের ৫৩তম কেন্দ্রীয় বিদ্যালয় আঞ্চলিক ক্ষেত্রে রাজ্যস্তরীয় বাল বৈজ্ঞানিক প্রদর্শনী। চলতি বছরের বিষয়, STEM for Viksit & Atmarirbhar Bharat। এই প্রদর্শনীতে রাজ্যে থাকা ৬৪টি কেন্দ্রীয় বিদ্যালয়ের মধ্যে ৫৭টি কেন্দ্রীয় বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা তাদের উদ্ভাবনমূলক মডেল প্রদর্শনী তুলে ধরবে। যেসব বাল বৈজ্ঞানিকের মডেল সেরা বিবেচিত হবে সেগুলি জাতীয় পর্যায়ে সর্বভারতীয় স্তরের প্রদর্শনীতে অংশগ্রহণ করবে।

হাওড়ার বাগনানের কল্যাণপুরে, ছেলের হাতে মায়ের খুনের ঘটনায় এলাকায় ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে। পুলিশ এই ঘটনায় বছর ৩৭-এর অভিষেক বেরাকে পুলিশ গ্রেপ্তার করেছে। আজ তাকে উলুবেড়িয়া আদালতে তোলা হবে। স্থানীয় বাসিন্দা এবং আত্মীয়দের দাবী, অভিষেক নেশা করে প্রায়ই তার মা বছর ৬৫'র সোমাদেবীকে মারধোর করতো। গতকাল'ও নেশার ঢাকা না দেওয়াতেই মারধোরের ফলেই সোমাদেবীর মৃত্যু হয় বলে অভিযোগ।

রাজ্যে আগামী এক সপ্তাহে শীতের আমেজ একইরকম থাকবে। দক্ষিণবঙ্গ এবং উত্তরবঙ্গে রাত্রিকালীন নূন্যতম তাপমাত্রার বিশেষ হেরফের হবে না বলে জানিয়েছে আবহাওয়া দপ্তর। দক্ষিণবঙ্গের প্রায় সব জেলাতেই আজ সর্বনিম্ন তাপমাত্রা স্বাভাবিকের নিচে রয়েছে। উত্তরবঙ্গের চিত্রাও কিছুটা একই।

দক্ষিণবঙ্গে আজ সব থেকে কম সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় কল্যাণীতে ১১ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের চেয়ে ৩ ডিগ্রি কম। সকালে বহরমপুরের তাপমাত্রা ছিল ১১ দশমিক ৮ স্বাভাবিকের থেকে তিন দশমিক ৪ ডিগ্রি কম।

উত্তরবঙ্গের কোচবিহারে আজ ন্যূনতম তাপমাত্রা রেকর্ড করা হয় ১০ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস এছাড়া দার্জিলিং পাহাড়ি এলাকায় তাপমাত্রা ছিল ৪ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস।

আগামী ৭ দিনে তাপমাত্রার কোন উল্লেখযোগ্য পরিবর্তন না হলেও উত্তরবঙ্গের জলপাইগুড়ি দার্জিলিং কালিম্পং এবং আলিপুরদুয়ার জেলায় সকালে হালকা থেকে মাঝারি কুয়াশার সম্ভাবনা রয়েছে।
